

১১ ডিসেম্বর ২০২১

### প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশের ৫০ বর্ষপূর্তি উপলক্ষে ব্লাস্ট, ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিক (ইউএপি) এবং সেইলস্ এর যৌথ আয়োজনে তুলনামূলক সাংবিধানিকতা, মানবাধিকার ও জেন্ডার সমতা বিষয়ে সম্মেলন অনুষ্ঠিত

'বাংলাদেশের ৫০ বর্ষপূর্তি: তুলনামূলক সাংবিধানিকতা, মানবাধিকার এবং জেন্ডার সমতা' শীর্ষক দুই দিনব্যাপী এই সম্মেলন আয়োজিত হয় ১০ - ১১ ডিসেম্বর ২০২১ এবং অনলাইন প্ল্যাটফর্ম জুম, ইউটিউব ও ফেসবুকে প্রচারিত হয়। বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট); আইন ও মানবাধিকার বিভাগ, ইউনিভার্সিটি অফ এশিয়া প্যাসিফিক (ইউএপি) এবং ইউনেস্কো মদনজিৎ সিং সাউথ এশিয়ান ইনস্টিটিউট অফ এডভান্সড লিগ্যাল এন্ড হিউম্যান রাইটস স্টাডিজ (ইউএমএসএআইএলএস) যৌথভাবে বাংলাদেশের ৫০ বর্ষপূর্তি উদযাপনের উদ্দেশ্যে একটি ভার্চুয়াল কনফারেন্সের আয়োজন করে।

এই সম্মেলনের প্রধান উদ্দেশ্য ছিল তরুণ গবেষক, শিক্ষাবিদ এবং আইন, ইতিহাস, নৃবিজ্ঞান, সমাজবিজ্ঞান, মানবাধিকার ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ের পিএইচডি শিক্ষার্থীদের নতুন ও অপ্রকাশিত গবেষণাসমূহ উপস্থাপন করার একটি প্ল্যাটফর্ম তৈরী করা যেখানে তরুণ গবেষকগণ ঐতিহাসিক ও উদীয়মান বিষয়াদির ওপর এবং বাংলাদেশে আইন, অধিকার ও ন্যায়বিচার সংশ্লিষ্ট উদ্ভাবনের ওপর আলোকপাত করবেন। এই উদ্যোগের মাধ্যমে দেশ-বিদেশের শিক্ষাবিদ, সংশ্লিষ্ট বিষয়ে সরাসরি কাজ করছেন এমন ব্যক্তিবর্গ ও অধিকার কর্মীদের একত্রিত করা হয়।

সম্মেলনের প্রথম অধিবেশনটি ছিল সাংবিধানিক প্রতিষ্ঠানের ক্রমবিকাশ: প্রাতিষ্ঠানিক প্রেক্ষিত। দ্বিতীয় অধিবেশনটি গুরুত্বারোপ করে নারী অধিকার ও আইনগত উপলব্ধির ওপর। তৃতীয় অধিবেশনটি সাংবিধানিক অধিকার ও প্রতিকার এর ওপর আলোকপাত করে।

সম্মেলনে আলোচকগণের মধ্যে ছিলেন: অধ্যাপক মনন আহমেদ, কলাম্বিয়া ইউনিভার্সিটি; অধ্যাপক আজিজ হক, ইউনিভার্সিটি অফ শিকাগো; ড. সিনথিয়া ফরিদ, এডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট; অধ্যাপক দিনা সিদ্দিকী, নিউইয়র্ক ইউনিভার্সিটি; অধ্যাপক শাহনাজ হুদা, ঢাকা বিশ্ববিদ্যালয়; অধ্যাপক ফস্টিনা পেরেরা, ব্র্যাক বিশ্ববিদ্যালয়; ব্যারিস্টার মুস্তাফিজুর রহমান খান, এডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট। অধিবেশনগুলোর সম্বলনায় ছিলেন সারা হোসেন, এডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট এবং নির্বাহী পরিচালক, ব্লাস্ট এবং ড. চৌধুরী ইশরাক আহমেদ সিদ্দিকী, এডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট এবং বিভাগীয় প্রধান, আইন ও মানবাধিকার বিভাগ, ইউএপি।

সম্মেলনে গায়ন্ত্রী রানাতুঙ্গা, জয়া যাদব, পিটার রিড, সালওয়া হক, সাদিকা হক মনিয়া এবং তাকবির হুদা সহ বাংলাদেশ এবং বিদেশের শিক্ষাবিদ এবং তরুণ গবেষকগণ তাদের গবেষণাপত্র উপস্থাপন করেছেন।

এই সম্মেলনটি সকল শিক্ষাবিদ ও তরুণ গবেষকদের অপ্রকাশিত গবেষণা উপস্থাপনের একটি যথাযথ প্ল্যাটফর্ম প্রদান করে এবং সেই সাথে আইন শিক্ষা অঙ্গনে বাংলাদেশের স্বাধীনতার ৫০ বর্ষপূর্তির স্মরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

আরো তথ্যের জন্য যোগাযোগ করুন:

[communication@blast.org.bd](mailto:communication@blast.org.bd)